# আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ মক্কা বিজয়ের যুদ্ধ (غَزْوَةُ فَتْحِ مَكَّةَ)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

কা'বাহর ছাদে বিলালের আযান (بِلَالٌ يُؤَذِّنُ عَلٰى الْكَعْبَةِ):

তখন সালাতের সময় হয়েছিল তাই রাসূলুল্লাহ (ﷺ) বিলাল (রাঃ)-কে নির্দেশ প্রদান করলেন কা'বাহর ছাদে উঠে আযান দিতে। সে সময় কা'বার বারান্দায় উপবিষ্ট ছিল আবূ সুফইয়ান বিন হারব, আত্তাব বিন আসীদ এবং হারিস বিন হিশাম।

আত্তাব বলল, 'আল্লাহ উসাইদকে এ সম্মান প্রদান করেছেন যে, তিনি এ আযান ধ্বনি শুনেন নি, নতুবা তাকে এক অপছন্দনীয় জিনিস (আযান) শুনতে হত। এর প্রেক্ষিতে হারিস বলল, 'শোন! আল্লাহর কসম! আমি যদি জানতে পারি যে, তা সত্য তাহলে আমি তাদের অনুসারী হয়ে যাব।'

এ প্রেক্ষিতে আবূ সুফইয়ান বলল, 'দেখ! আল্লাহর কসম! আমি কিছুই বলব না, কারণ, যদি আমি কিছু বলি তবে এ কঙ্করগুলো আমার সম্পর্কে সংবাদ দেবে। এরপর নাবী কারীম (ﷺ) তাদের নিকট আগমন করলেন এবং বললেন,لَقَدْ عُلِمْتُ الَّذِيْ قُلْتُمْ)) 'এখন তোমরা যে আলাপ করলে তা আমাকে জানানো হয়েছে।' অতঃপর তিনি তাদের আলাপের কথাগুলো পুনরাবৃত্তি করলেন। এ প্রেক্ষিতে হারিস এবং আত্তাব বলে উঠল, 'আমরা সাক্ষ্য দিচ্ছি যে, আপনি আল্লাহর রাসূল (ﷺ) আল্লাহর কসম! আমাদের সঙ্গে এমন কেউ ছিল না যে, আমাদের কথাবার্তা শুনতে পারে। এ রকম কিছু হলে আমরা বলতাম যে, সে ব্যক্তিই আমাদের কথাবার্তা নাবী কারীম (ﷺ)-এর নিকট পৌঁছে দিয়েছে (তা না হলে তিনি খবর পেলেন কি ভাবে?)'

Source — https://www.hadithbd.com/books/link/?id=6393

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন